

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ২য় সভার সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও  
চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ।  
স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং ৩, কক্ষ নং ৩৩২)।  
তারিখ ও সময়: ২৪.১১.২০২০ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা।  
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অভ্যন্তরীণ ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় জনপ্রশাসনে উদ্ভাবনী চর্চার গুরুত্ব অপরিসীম। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ বাংলাদেশসহ সারাবিশ্বকে নতুন চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগ প্রথম ঢেউয়ের অভিজ্ঞতা লব্ধ জ্ঞান দিয়ে দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সচেষ্ট। তিনি সকল অনুবিভাগে কর্মরতদের নতুন নতুন উদ্ভাবনী ধারণা তৈরি ও বাস্তবায়নের মাধ্যমে চলমান পরিস্থিতি মোকাবেলার জন্য অনুরোধ জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. গত ২৫.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	<p>শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেপ্লিকেশন/স্কেল আপ: উপসচিব (প্রশাসন-৪) গত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৮-২০১৯ অর্থবছরের শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/ রেপ্লিকেশনের নিমিত্ত দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের একটি খসড়া সময়সূচি তুলে ধরেন।</p> <p>জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ সমাগত। এরূপ পরিস্থিতি বিবেচনা করে তিনি অনলাইনে ওয়ার্কশপগুলো আয়োজনের জন্য মতামত প্রকাশ করেন।</p>	<p>ক) শোকেসিংয়ের মাধ্যমে রেপ্লিকেশন/ স্কেলআপের জন্য নির্বাচিত প্রকল্পগুলোর ওয়ার্কশপ প্রতিটি বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে এবং ডিসেম্বরের মধ্যে ওয়ার্কশপটি আয়োজনের আউটলাইন তৈরি করতে হবে।</p>	<p>প্রশাসন-৪/প্রশাসন-২/ বাজেট অধিশাখা</p>

	<p>সভাপতি শোকেসিংয়ের মাধ্যমে রেল্লিকেশন/ ফ্লেলআপের জন্য নির্বাচিত প্রকল্পগুলোর ওয়ার্কশপ রাজশাহী বিভাগসহ সকল বিভাগে আয়োজনের কথা বলেন। তিনি ডিসেম্বরের মধ্যে ওয়ার্কশপটি আয়োজনের নিমিত্ত একটি আউটলাইন তৈরি করতে অনুরোধ জানান। তিনি প্রয়োজন বোধে ওয়ার্কশপগুলো অনলাইনে আয়োজনের মাধ্যমে শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দূত ফ্লেলআপ/ রেল্লিকেশন করার উদ্যোগ গ্রহণ করতে প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন।</p>		
৩.২	<p><b>ইনোভেশন কমিটি পুনর্গঠন :</b>          উপসচিব (প্রশাসন-৪) স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন কমিটি গত সভার সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠিত হয়েছে মর্মে জানান।          সভাপতি নতুন কমিটিকে ইনোভেশন টিমের কর্মপরিশি মোতাবেক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান যে, কোভিডের কারণে গত অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগ উদ্ভাবনী কর্মপরিকল্পনা মোতাবেক কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তিনি চলতি অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে নতুন কমিটিকে আরো সচেষ্ট হয়ে কাজ করার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ক) নতুন কমিটিকে ইনোভেশন টিমের কর্মপরিশি মোতাবেক কার্যক্রম সম্পাদন করতে হবে।          খ) চলতি অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে নতুন কমিটিকে আরো সচেষ্ট হয়ে কাজ করতে হবে।</p>	ইনোভেশন কমিটি
৩.৩	<p><b>ইনোভেশন কমিটির সভা :</b> সভাপতি ইনোভেশন টিমের অভ্যন্তরীণ ও অধিদপ্তর/দপ্তরসমূহের সাথে সভা পৃথক পৃথক দিনে আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহ নিয়মিত ইনোভেশন কমিটির মাসিক সভা আয়োজন করছে কিনা তা পর্যবেক্ষণ করতে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>(ক) ইনোভেশন টিমের অভ্যন্তরীণ ও অধিদপ্তর/দপ্তরসমূহের সাথে সভা পৃথক পৃথক দিনে আয়োজন করতে হবে।          (খ) অধিদপ্তর/দপ্তরসমূহ ইনোভেশন টিমের সভা নিয়মিত করছে কিনা পর্যবেক্ষণ করতে হবে।</p>	প্রশাসন-৪
৩.৪	<p><b>প্রশিক্ষণ/কর্মশালা :</b>          উপসচিব (প্রশাসন-৪) গত সভার সিদ্ধান্ত মোতাবেক উদ্ভাবন ও সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির উপর দুই দিনের প্রশিক্ষণ এবং উদ্ভাবন ও সেবা সহজীকরণ সংক্রান্ত একদিনের ওয়ার্কশপের ক্যালেন্ডার সভায় উপস্থাপন করেন।          সভাপতি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ ও ওয়ার্কশপ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ে আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি পরিবেশ পরিস্থিতি বিবেচনা করে প্রশিক্ষণগুলো</p>	<p>ক) ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ ও ওয়ার্কশপ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে।          খ) পরিবেশ পরিস্থিতি বিবেচনায় প্রশিক্ষণগুলো অনলাইনে আয়োজন করতে হবে।          গ) অধিদপ্তর/দপ্তরসমূহের প্রশিক্ষণ ও কর্মশালা পর্যবেক্ষণ করতে হবে।</p>	প্রশাসন-৪

	অনলাইনের মাধ্যমে আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহের প্রশিক্ষণ ও কর্মশালা পর্যবেক্ষণ করার জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা প্রদান করেন।		
৩.৫	সেবাসহজীকরণ ও ডিজিটাল সেবা পাইলটিং : সভাপতি সেবা সহজীকরণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল জানান যে, 'অনলাইনে কনফারেন্স রুম বুকিং' অনলাইনভিত্তিক সফটওয়্যারটি তৈরির প্রস্তুতি প্রশাসন-২ কে দেওয়া হয়েছে। সভাপতি দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে কনফারেন্স রুম বুকিং সফটওয়্যারটি প্রস্তুতপূর্বক পাইলটিং বাস্তবায়নের জন্য প্রশাসন-২ ও কম্পিউটার সেলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি আগামী ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি ডিজিটাল সেবা গ্রহণ ও পাইলটিংয়ের জন্য প্রশাসন-২ ও কম্পিউটার সেলকে নির্দেশনা প্রদান করেন।	দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে কনফারেন্স রুম বুকিং সফটওয়্যারটি প্রস্তুতপূর্বক পাইলটিং করতে হবে।	প্রশাসন-২/ কম্পিউটার সেল
	নতুন উদ্ভাবন প্রকল্প : উপসচিব (প্রশাসন-৪) জানান যে, স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে প্রাপ্ত উদ্ভাবন প্রকল্পগুলো ওয়েবসাইটে আপলোড করা করা হয়েছে। সভাপতি গত অর্থবছর এবং চলতি অর্থবছরের প্রাপ্ত ইনোভেশন প্রকল্পগুলো বাছাইপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে নির্দেশনা প্রদান করেন।	গত অর্থবছর এবং চলতি অর্থবছরের প্রাপ্ত ইনোভেশন প্রকল্পগুলো বাছাইপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন-৪

০৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

২২.১২.২০২০

(শেখ মুজিবুর রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন)


স্বাস্থ্য সেবা বিভাগ

তারিখঃ ১২ পৌষ ১৪২৭  
২৭ ডিসেম্বর ২০২০

স্মারক নং ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০-২৩০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। যুগ্মসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। যুগ্মসচিব (মানব সম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। যুগ্মসচিব (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। উপসচিব (প্রশাসন-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। উপসচিব (জনস্বাস্থ্য-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৩। উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

  
(মোহাম্মদ ইকবাল হোসেন)  
উপসচিব

☎ - ৯৫৪০৩৬২

ই-মেইল-[monitor@hcd.gov.bd](mailto:monitor@hcd.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়